গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৭২

**রুয়েটে শুরু হলো আরপিএল ক্রিকেট টুর্নামেন্ট**

রাজশাহী, ০৮ পৌষ (২৩ ডিসেম্বর):

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) শুরু হয়েছে রুয়েট প্রিমিয়ার লীগ (আরপিএল)। আজ মঙ্গলবার (২৩ ডিসেম্বর) সকালে রুয়েট কোয়াটার সংলগ্ন নতুন মাঠে উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক প্রধান অতিথি হিসেবে বেলুন ও পায়রা উড়িয়ে ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করেন ।

উদ্বোধনকালে উপাচার্য বলেন, সুশৃঙ্খল পরিবেশে রুয়েটে খেলাধুলার পরিবেশ বজায় রাখতে হবে। খেলাধুলা মানুষের শরীরকে সুস্থ রাখার পাশাপাশি মনকে বিকশিত করে।

আয়োজকদের দেয়া তথ্য মতে, রুয়েটের কর্মকর্তা ও কর্মচারীসহ তাদের সন্তানদের অংশগ্রহণে আয়োজিত আরপিএল ক্রিকেট টুর্নামেন্টে মোট ৬ টি দল অংশগ্রহণ করছে। আগামী ২৫ ডিসেম্বর খেলার ফাইনাল অনুষ্ঠিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে রুয়েটের প্রধান প্রকৌশলী মো. শাহাদাত হোসেন, সিনিয়র নির্বাহী প্রকৌশলী মো. নোমান পারভেজ, সিনিয়র সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক মো. কামাল হোসেন ইতি, নির্বাহী প্রকৌশলী মো. আহসান হাবীবসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, কর্মচারী ও তাদের সন্তানরা উপস্থিত ছিলেন।

......................................................
রুহুল/তৌহিদ/আতিক/হালিম/১৮.০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd